



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি আশেক মাহমুদ কলেজ
জামালপুর



তারিখ : ১৪/০৮/২০২১

দ্বাদশ শ্রেণির জন্য

ফরমপূরণ সংক্রান্ত

বিজ্ঞপ্তি

২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের ফরমপূরণের ফি আগামী ২১/০৮/২০২১ তারিখ থেকে ২৮/০৮/২০২১ তারিখের মধ্যে কেবল অনলাইনে প্রদান করতে হবে। ১৯/০৮/২০২১ তারিখ থেকে ফরমপূরণের জন্য মনোনীত পরীক্ষার্থীদের প্রদত্ত সচল মোবাইল ফোন নম্বরে SMS এর মাধ্যমে টাকা প্রদানের লিংক প্রেরণ করা হবে। ২১/০৮/২০২১ তারিখের মধ্যে SMS না পেলে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহের ওয়েবসাইটে স্টুডেন্ট প্যানেল (https://college.mymensingheducationboard.gov.bd/student_panel) অথবা সোনালী সেবা (<https://sbl.com.bd:7070/BoardFee/Fee>) এর মাধ্যমে টাকা পরিশোধ করা যাবে। ২১/০৮/২০২১ তারিখের মধ্যে ফরমপূরণের জন্য মনোনীত না হলে ২২/০৮/২০২১ তারিখ বেলা ১১.০০টা থেকে অপরাহ্ন ৪.০০টার মধ্যে 01775577076 নম্বরে যোগাযোগ করা যাবে। ফরমপূরণের কাজে কলেজে আসার প্রয়োজন নেই এবং কোনো কাগজ জমা দিতে হবে না।

নিয়মিত শিক্ষার্থীদের ফরমপূরণ ফি নিম্নলিখিত হারে নির্ধারণ করা হয়েছে:

ক্রমিক	বিবরণ	বিজ্ঞান শাখা	মানবিক শাখা	ব্যবসায় শিক্ষা শাখা
০১	বোর্ড ফি	৮০০/-	৭৭০/-	৭৭০/-
০২	কেন্দ্র ফি (ব্যবহারিক সহ)	৩৬০/-	৩০০/-	৩০০/-
	সর্বমোট =	১১৬০/-	১০৭০/-	১০৭০/-

বি.দ্র.: মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় কোন পরীক্ষার্থীর নৈর্বাচনিক বিষয়ে ব্যবহারিক পরীক্ষা থাকলে বিষয় প্রতি আরও ৩০/- (ত্রিশ) টাকা যোগ হবে। যে সকল নিয়মিত শিক্ষার্থী দ্বাদশ শ্রেণিতে ভর্তি হয় নাই তাদের দ্বাদশ শ্রেণির ভর্তি ফি বকেয়া ফি হিসেবে ফরমপূরণ ফি এর সাথে যোগ করা হবে।

ফরমপূরণের নির্দেশনা:

- মনোনীত শিক্ষার্থী প্রদত্ত মোবাইল নম্বরে SMS পাবে (১৮/০৮/২০২১ থেকে ২১/০৮/২০২১ তারিখের মধ্যে)।
- প্রাপ্ত SMS এ শিক্ষার্থীর নাম, ফরমপূরণের ফি ও ফি প্রদানের লিংক দেয়া হবে।
- **ফি প্রদানের পদ্ধতি:**
 - (ক) মোবাইল ফোনের SMS এ প্রাপ্ত লিংকে সরাসরি প্রবেশ করে অথবা
 - (খ) সোনালী ব্যাংকের সোনালী ই-সেবা (Sonali eSheba) অ্যাপ ব্যবহার করে অথবা
 - (গ) ময়মনসিংহ শিক্ষা বোর্ডের ওয়েবসাইটের Student Panel থেকে সোনালী সেবা পেমেন্ট গেটওয়ের মাধ্যমে পরীক্ষার সর্বমোট ফি প্রদান করতে পারবে।
- উল্লিখিত তিনটি পদ্ধতিতেই ঘরে বসে সোনালী ব্যাংকের সোনালী ই-সেবা (Sonali eSheba) অ্যাপ ব্যবহার Nagad, bKash, Rocket ইত্যাদি যেকোনো একটির মাধ্যমে পরীক্ষার ফি প্রদান করতে পারবে। তাছাড়া Visa Card, Master Card, American Express Card, Dbbl Nexus Card ব্যবহার করেও ফি প্রদান করা যাবে। এছাড়াও সোনালী ব্যাংকের Account Holder অনলাইন পেমেন্টের মাধ্যমে ফি প্রদান করতে পারবে।
- পেমেন্ট করার পর শিক্ষার্থীকে তাঁর ফরমপূরণ সম্পন্ন হয়েছে মর্মে একটি SMS এর মাধ্যমে নিশ্চিত করা হবে। কোনো কারিগরি ত্রুটির কারণে পরীক্ষার্থী SMS না পেলে ময়মনসিংহ বোর্ডের ওয়েবসাইটে Student Panel থেকে তাঁর ফরমপূরণের Status যেকোনো সময় দেখতে পাবে। (২৮/০৮/২০২১ তারিখের মধ্যে নিশ্চিত না হলে ২৯/০৮/২০২১ তারিখে 01775577076 নম্বরে যোগাযোগ করতে হবে।)

চলমান পাতা-২

বিশেষ দৃষ্টব্য:

- প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত শিক্ষার্থীরাই ফরমপূরণের জন্য ফি জমা দিতে পারবে।
- নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে কোনো পরীক্ষার্থী ফি পরিশোধ করতে ব্যর্থ হলে তাঁর ফরমপূরণ সম্পন্ন হয়নি বলে গণ্য হবে।
- ২১/০৮/২০২১ তারিখ থেকে ফি পরিশোধের জন্য পরামর্শ দেয়া হলো। কারণ, মোবাইল ফোন নম্বর অথবা কলেজের বকেয়া বিষয়ক কোনো সংশোধনের প্রয়োজন হলে তা অবশ্যই ফি পরিশোধের আগে করতে হবে। কোনো পরীক্ষার্থী পেমেন্ট শেষ করলে আর সংশোধনের সুযোগ থাকবে না।

অনিয়মিত, মানোন্নয়ন, প্রাইভেট ও এক বা দুই বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীদের জন্য নির্দেশনা:

- অনিয়মিত, মানোন্নয়ন, প্রাইভেট ও এক বা দুই বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীরা ফরমপূরণের সহায়তার জন্য **01775577076** নম্বরে (১৯/০৮/২০২১ তারিখ বেলা ১১.০০ টা থেকে বিকেল ৪.০০ টার মধ্যে) যোগাযোগ করতে পারবে।
- এক বা দুই বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থী সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে চাইলে **01775577076** নম্বরে অবশ্যই ১৭/০৮/২০২১ তারিখ থেকে ১৯/০৮/২০২১ তারিখের মধ্যে যোগাযোগ করতে হবে।

সংযুক্তি : ময়মনসিংহ শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষা-২০২১ এর ফরমপূরণের বিজ্ঞপ্তি

ফরমপূরণ সংক্রান্ত তথ্য জানার জন্য কলেজের কোনো নম্বরে ফোন করার আগে এই নোটিশ ও ময়মনসিংহ শিক্ষা বোর্ডের সংযুক্ত বিজ্ঞপ্তিটি ভালভাবে পড়ে দেখতে অনুরোধ করা হলো।



প্রফেসর ড. মুজাহিদ বিল্লাহ ফারুকী
অধ্যক্ষ
সরকারি আশেক মাহমুদ কলেজ
জামালপুর